ঢাকা বইমেলা ২০১০
আহমেদ সাবেরের উপন্যাস - ক্রসফায়ার

ঢাকা বইমেলা ২০১০ এ প্রকাশিত হয়েছে আহমেদ সাবেরের উপন্যাস ক্রসফায়ার। এটি বাংলাদেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির পরিপ্রেক্ষিতে, র‍্যাবের আত্মপ্রকাশের পটভুমিকায় লেখা একটি মর্মস্পর্ষী উপন্যাস। ঘটনা প্রবাহের একদিকে আছেন. যারা যে কোন মূল্যে দেশে নৈরাজ্যের অবসান চান, আর অন্যদিকে, যারা সন্ত্রাস দমনের সাথে মানবধিকার নিয়েও চিন্তা ভাবনা করেন। এ দু দলের মাঝখানে ইমন, একজন নিরপরাধ বন্ধুবৎসল, প্রানোচ্ছল প্রেমিক যুবক - বিদেশ থেকে ফিরে বহুদিনের হারানো বন্ধুকে খুজতে গিয়ে, ঘটনাচক্রে শিকার হয়ে যায় ক্রসফায়ারের।

এবারের বই মেলায় বইটি গ্রন্থাকারে প্রকাশ করেছেন উৎস প্রকাশন থেকে জনাব মোস্ত ফা সেলিম। বইটির দৃষ্টিনন্দন প্রচ্ছদটির শিল্পী সমরেশ মজুমদার। আশি পৃষ্ঠার উপন্যাসটির দাম রাখা হয়েছে  একশত বিশ  টাকা। এবারের বইমেলায় উপন্যাসটি পাওয়া যাচ্ছে উৎস প্রকাশন এর স্টলে।

